

দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হাতের নখ লম্বা করা কি হারাম?

হাতের নখ কেটে ফেলা প্রকৃতিগত সুন্নত। নবী (সঃ) বলেছেন, “প্রকৃতিগত আচরণ (নবীগণের তারীকা) পাঁচটি অথবা পাঁচটি কাজ প্রকৃতিগত আচরণ,

- (১) খাতনা (লিঙ্গাত্মক ছেদন) করা।
- (২) লজ্জাস্থানের লোম কেটে পরিষ্কার করা।
- (৩) নখ কাটা।
- (৪) বগলের লোম ছিঁড়া।
- (৫) গোঁফ ছেঁটে ফেলা।” (বুখারী, মুসলিম)

আনাস (রঃ) বলেন, “মোছ ছাঁটা, নখ কাটা, নাভির নিচের লোম চাঁছা এবং বোগলের লোম তুলে ফেলার ব্যাপারে আমাদেরকে সময় বেঁধে দেওয়া হয়েছে; যাতে আমরা সে সব চল্লিশ দিনের বেশী ছেড়ে না রাখি।” (মুসলিম ২৫৮ নং)

তাছাড়া তাতে রয়েছে জঙ্ক-জানোয়ার ও কিছু কাফের মহিলাদের অনুকরণ ও সাদৃশ্য অবলম্বন, যা মুসলিমের জন্য বৈধ নয়। (ইবনে বায)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1454>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন